সংবাদ

তারিখ ... 5.12.84 ... ... ...

পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

029

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

# এম, ফিল, কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

১৯৮৪-৮৫ শিক্ষা বর্ষের জানুয়ারী-১৯৮৫ টার্মে এম, ফিল, কোর্সে নিম্নবর্ণিত বিভাগসমূহে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বাংলা, ইংরেজী, ইতিহাস, ভুগোল, অর্থনীতি, পরিসংখ্যান, পদার্থবিদ্যা ও রসায়ন।

**ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তবলী**

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার একটিতে প্রথম বিভাগ এবং অপরটিতে দ্বিতীয় বিভাগ এবং অন্ততঃ পক্ষে স্নাতক পাস/সম্মান অথবা স্নাতকোত্তর পরীক্ষায় একটিতে গড়পড়তা ৫৫% নম্বর এবং অপরটিতে গড়পড়তা ৫০% নম্বর থাকতে হবে।

(খ) স্নাতক পাস/সম্মান ও স্নাতকোত্তর পরীক্ষায় একটিতে প্রথম বিভাগ/শ্রেণী ও অপরটিতে গড় পড়তা ৫৫% নম্বর প্রাপ্তদের বেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় দ্বিতীয় বিভাগ থাকলেই চলবে।

(গ) কোন অনুমোদিত কলেজ কিংবা গবেষণামূলক প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছর চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে সকল পর্যায়ের পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী/বিভাগ থাকলেই চলবে।

প্রতি বিভাগে মাসিক টা, ৭৫০/-হারে ১টি করে বৃত্তির ব্যবস্থা রয়েছে।

উপরে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থিগণকে সংশ্লিষ্ট বিভাগে প্রাপ্তব্য নির্ধারিত ভর্তি ফরম পূরণ করে আগামী ২০-১২-৮৪ তারিখের মধ্যে উহা বিভাগীয় সভাপতির নিকট জমা দিতে হইবে। চাকুরীতে নিয়োজিত প্রার্থিগণকে তাঁদের স্ব স্ব নিয়োগ কর্তার মাধ্যমে বহিরাগত ছাত্র হিসাবে ভর্তির জন্য আবেদন করতে হবে।

ভর্তির ব্যাপারে অন্যান্য নিয়মাবলী সংশ্লিষ্ট বিভাগ কিংবা নিম্নস্বাক্ষরকারীর অফিসে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে জানা যেতে পারে।

সি—৪৯৮৩

রেজিস্ট্রার।